# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 10 May, 2025

ফ্যাসিবাদবিরোধী আন্দোলনের অংশ হিসেবে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবি আদায় না হওয়া পর্যন্ত জনগণ রাজপথ ছাড়বে না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।শনিবার (১০ মে) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এই বক্তব্য দেন।

স্ট্যাটাসে জামায়াত আমির বলেন,ফ্যাসিবাদী আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে ফ্যাসিবাদবিরোধী সকল শক্তি আজ একাট্টা।ইনশাআল্লাহ, এ দাবি আদায় করেই জনতা ঘরে ফিরবে।কোনো কূটকৌশল এ দাবি থেকে জনতাকে ফিরিয়ে রাখতে পারবে না।

তিনি আরও বলেনআন্দোলনকামী জনতার ইস্পাত কঠিন এই ঐক্য শুধু ফ্যাসিবাদী আওয়ামী লীগকে নিষিদ্ধই নয়, আগামী দিনের প্রত্যাশার বাংলাদেশ গঠনে মাইলফলক হয়ে থাকবে।ডা. শফিকুর রহমান সকল প্রতিকূলতা উপেক্ষা করে ফ্যাসিবাদবিরোধী ঐক্যের বন্ধনে যুক্ত হওয়াদের অভিনন্দন জানিয়ে বলেন,

অভিনন্দন হে বিপ্লবী জনতা, যারা সাহস ও সংকল্পে এই আন্দোলনে সম্পৃক্ত হয়েছেন।এর আগে শাহবাগে ও ইন্টারকন্টিনেন্টাল মোড়ে ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্য ও ছাত্র-জনতার গণজমায়েতে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে চলমান অবস্থান কর্মসূচিতে ব্যাপক জনসমাগম ও বিভিন্ন রাজনৈতিক দলের অংশগ্রহণ দেখা গেছে।

প্রসঙ্গত, গত জুলাইয়ে আন্দোলনরত কর্মীদের ওপর হামলা ও মৃত্যুর ঘটনায় আওয়ামী লীগের বিরুদ্ধে ফ্যাসিবাদী আচরণের অভিযোগ তুলে এই দাবি জোরালো হয়।বর্তমানে রাজনৈতিক অঙ্গনে এই দাবি কেন্দ্র করে নতুন করে উত্তেজনা ও পাল্টাপাল্টি অবস্থান স্পষ্ট হয়ে উঠছে।

আওয়ামী লীগ জামায়াত আমির নিষিদ্ধ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:26

URL: https://www.timestodaybd.com/politics/3942922273